

(খ) ইহাতে সরকারের কোন ক্ষতি হইলে বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তি না করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিদের নিকট হইতে উদ্ভৃত ক্ষতি আদায় করিতে হইবে। এই ক্ষেত্রে বি.এস.আর-এর সংশ্লিষ্ট বিধি এবং অবসর গ্রহণ আইন, ১৯৭৪ এর ১০ ধারা সংশোধন করা হইবে।

৪.১৪। বি.এস.আর-২৫৮,২৬৪ ও ২৬৭ সংশোধনের ব্যবস্থা গ্রহণ :

রাজব্রথাতে স্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োজিত এবং অন্যন ১০ (দশ) বছর চাকুরি করিয়াছেন এমন কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রাপ্তির জন্য বিএসআর পার্ট-১ এর বিদ্যমান বিধি ২৫৮,২৬৪ ও ২৬৭ সংশোধন করা হইবে।

৪.১৫। নির্বোজ সরকারি চাকুরের উত্তরাধিকারীকে পেনশন/আনুভোষিক ইত্যাদি প্রদান :

(ক) ৪.১৪ অনুচ্ছেদের বিধান ও পেনশন প্রাপ্তির জন্য ন্যূনতম চাকুরিকাল সম্পাদন সাপেক্ষে নির্বোজ সরকারি চাকুরের উত্তরাধিকারী/ উত্তরাধিকারীবৃন্দ নিকটস্থ থানায় এ সম্পর্কিত জিডি এন্ট্রির অনুলিপিসহ পেনশন প্রাপ্তির আবেদন করিলে প্রশাসনিক কর্তৃপক্ষ ২(দুই)টি বছল প্রচারিত জাতীয় দৈনিকে নির্বোজ হওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করিবেন। বিজ্ঞপ্তি প্রকাশের পর ৬ (ছয়) মাস অতিবাহিত হইলে উত্তরাধিকারীকে বিধি মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর করা যাইবে।


(খ) পূর্বে পরিশোধিত না হইলে নির্বোজ হইবার অন্যন ৩ (তিনি) বছর পর প্রচলিত আইন অনুযায়ী যোগ্য আদালত কর্তৃক সাব্যস্তকৃত উত্তরাধিকার সার্টিফিকেট দাখিল করা হইলে দেনা-পাওনা সমন্বয় সাপেক্ষে নির্বোজ সরকারি চাকুরের ভবিষ্য তহবিলের স্থিতি, লাম্প গ্রান্ট ও আনুভোষিকের অর্থ প্রদান করা যাইবে।

(গ) অনুচ্ছেদ 'ক' মোতাবেক পারিবারিক পেনশন মঞ্জুর শেষে সংশ্লিষ্ট সরকারি চাকুরে ফিরিয়া আসিলে তিনি নির্বোজ হইবার পূর্বে অবসরে গমন না করিলেও তাঁহার পূর্ব চাকুরিতে পুনর্বহালযোগ্য হইবেন না।

৫। এই স্মারকে বর্ণিত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হইবে।

৬। এই স্মারকবলে পেনশন সংক্রান্ত প্রচলিত বিধি/পদ্ধতি এবং আদেশ/স্মারক ইত্যাদির সংশ্লিষ্ট অংশ সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৭। এই স্মারকে বর্ণিত হয় নাই এমন কোন বিষয় সম্পর্কে বর্তমানে প্রচলিত বিধি-বিধান/পদ্ধতি/আদেশসমূহ পরিবর্তন/ পরিবর্ধন/সংশোধন না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।


(প্রণব চক্ৰবৰ্তী)
যুগ্ম-সচিব (প্রবিধি)
অর্থ বিভাগ।
ফোন : ৭১৬৪৫২২
e-mail: pranabc @ finance .gov.bd